

বাংলাদেশ নির্বাচন কমিশন
আঞ্চলিক নির্বাচন কর্মকর্তার কার্যালয়
খুলনা অঞ্চল, খুলনা
www.ecs.gov.bd

স্মারক নং-১৭.০৫.০০০০.০০০.৫১.০০১.১২.১০৪৮

তারিখঃ ১৯ সেপ্টেম্বর ২০২২

বিশেষ বিজ্ঞপ্তি

এতদ্বারা খুলনা বিভাগের সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জাতীয় পরিচয়পত্র সংশোধন সংক্রান্ত 'গ' ক্যাটাগরিভুক্ত আবেদনের শুনানী সপ্তাহের প্রতি মঙ্গলবার সকাল ০৯:০০ টা হতে বিকাল ০৩:০০ ঘটিকা পর্যন্ত আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, খুলনা এর কার্যালয়ে অনুষ্ঠিত হবে। কেবল 'গ' ক্যাটাগরিভুক্ত ইচ্ছুক আবেদনকারীগণ নিম্নোক্ত অনুসরণীয় বিষয়াবলী পালন সাপেক্ষে উক্ত শুনানীতে অংশগ্রহণ করতে পারবেন।

অনুসরণীয় বিষয়াবলী :-

- (ক) আবেদনকারী স্বশরীরে শুনানীতে অংশগ্রহণ করবেন;
- (খ) শুনানীর দিন দুপুর ০২:০০ ঘটিকার মধ্যে নির্দিষ্ট রেজিস্টারে আবেদনকারীকে নাম অন্তর্ভুক্ত করতে হবে;
- (গ) আবেদনকারীর পক্ষে অন্য কেউ শুনানীতে অংশ নিতে পারবে না;
- (ঘ) জাতীয় পরিচয়পত্র (NID) গ্রহণের পরবর্তী সময়ে প্রস্তুতকৃত অযৌক্তিক প্রমাণাদি শুনানীতে উপস্থাপন করা থেকে বিরত থাকতে হবে;
- (ঙ) সংশোধনের স্বপক্ষে দাখিলকৃত দলিলাদি/কাগজপত্রের মূলকপি শুনানীকালে সঙ্গে রাখতে হবে;
- (চ) উল্লেখ নাই এমন বিষয়ে প্রয়োজ্য ক্ষেত্রে অফিস কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত নিয়ম-নীতি যথাযথভাবে প্রতিপালন করতে হবে।


(মোঃ হুমায়ুন কবির) 19.09.2022

আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা
খুলনা অঞ্চল, খুলনা
ফোন নং-০২৪৭৭৭০০২৪৯
reokhulna05@gmail.com

স্মারক নং-১৭.০৫.০০০০.০০০.৫১.০০১.১২.১০৪৮

তারিখঃ ১৯ সেপ্টেম্বর ২০২২

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :-

- ১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ২। মহাপরিচালক (জেড-১), জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ৩। বিভাগীয় কমিশনার, খুলনা
- ৪। অতিরিক্ত আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা-১/২, খুলনা
- ৫। সিনিয়র জেলা নির্বাচন কর্মকর্তা (সকল), খুলনা অঞ্চল
- ৬। জেলা নির্বাচন কর্মকর্তা (সকল), খুলনা অঞ্চল } [তাঁর অধিক্ষেত্রে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের অনুরোধসহ]
- ৭। প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের একান্ত সচিব (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৮। নির্বাচন কমিশনার মহোদয়গণের একান্ত সচিব (মাননীয় নির্বাচন কমিশনার মহোদয়গণের সদয় অবগতির জন্য)
- ৯। উপজেলা/থানা নির্বাচন অফিসার (সকল), খুলনা অঞ্চল / বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের অনুরোধসহ


(মোঃ হুমায়ুন কবির) 19.09.2022

আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা
খুলনা অঞ্চল, খুলনা

